120

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 22 1999 ... ...
পৃঃ ৯ কলাম ৫

## শুধু ঢাকা শিক্ষা বোর্ডের জন্য কেন

সম্প্রতি ঢাকা শিক্ষা বোর্ড কমিটি যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য হবে তারা পরবর্তী বছর শুধু ওই বিষয়ে পরীক্ষা দিতে পারবে। এবং ওই বিষয়ের নাম্বার পূর্ববর্তী বছরের নাম্বারের সাথে যোগ করে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগে পাস দেয়া হবে। কিন্তু এ নিয়ম শুধু ঢাকা বোর্ডের জন্য কেন। এটি কি বাকী ৪ বোর্ডের জন্য প্রযোজ্য হবে না। কারণ সব বোর্ড তো একই মানের, তাই মাননীয় শিক্ষামন্ত্রী এবং অন্য সকল বোর্ডের চেয়ারম্যানবৃন্দের নিকট আকুল আবেদন, বাকী ৪ বোর্ডে যেন ছাত্রছাত্রীদের জন্য এ নিয়ম চালু কর হয় এবং সাথে সাথে মাদ্রাসা বোর্ডের ছাত্রছাত্রীদের জন্যও যেন এ নিয়ম চালু করা হয়।

—মোঃ আবু নাছের, স্টেশন রোড, সীতাকুণ্ড